

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৩.২০১৩- ৬০৬

তারিখঃ ২৫.০৫.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ হাবিব ইসলাম ভূইয়া (১১১০৯৬), প্যাথলজিষ্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইসলামপুর, জামালপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ১২.০১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৩.২০১৩-২৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষেণে, যেহেতু, ডাঃ মোঃ হাবিব ইসলাম ভূইয়া (১১১০৯৬), প্যাথলজিষ্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইসলামপুর, জামালপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তীর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৩.২০১৩- ৬০৬/১(৩৩)

তারিখঃ ২৫.০৫.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (গার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিভিল সার্জন, জামালপুর
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র সহকারী সচিব (গার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর, জামালপুর
- ১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ইসলামপুর, জামালপুর
- ১১। ডাঃ মোঃ হাবিব ইসলাম ভূইয়া (১১১০৯৬), প্যাথলজিষ্ট, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইসলামপুর, জামালপুর (স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-সুন্দলপুর, পোঃ-দশপাড়া, উপজেলা-দাউদকান্দি, জেলা-কুমিল্লা)


(এম. কে. হাসান মোর্শেদ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১৪- ৬০৫

তারিখঃ ২৫ .০৫.২০১৪


আদেশ

যেহেতু, ডাঃ তাহমিনা দেওয়ান অভি (১২৭০৫৪), সহকারী সার্জন, কধুরখালী ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বোয়ালখালী, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ১৬.০৪.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১৪-৩১৫নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৫.০৫.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোয়ালখালী, চট্টগ্রামে চিকিৎসক স্বল্পতার কারণে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের ৩১.০৮.২০১৩ তারিখের উঃস্বাঃক/বোয়াল/১৩/রোস্টার/৩৪৪৮নং অফিস আদেশে তাঁকে রোস্টার ডিউটিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোয়ালখালীতে দায়িত্ব পালনকালে কর্তৃপক্ষের পরামর্শে তিনি তার মূল কর্মস্থলের হাজিরা খাতায় অগ্রিম স্বাক্ষর করেছিলেন। চাকুরিতে যোগদানের পর তিনি কখনও কর্মস্থলে অনুপস্থিত থাকেননি;

এক্ষেণে, সেহেতু, ডাঃ তাহমিনা দেওয়ান অভি (১২৭০৫৪), সহকারী সার্জন, কধুরখালী ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বোয়ালখালী, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তীর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক এবং নবীন কর্মকর্তা হিসেবে তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হল। পরবর্তীতে কখনও হাজিরা খাতায় অগ্রিম স্বাক্ষর না করার জন্য তাঁকে বলা হল।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১৪- ৬০৫/১ (২)

তারিখঃ ২৫ .০৫.২০১৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিভিল সার্জন, চট্টগ্রাম
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোয়ালখালী, চট্টগ্রাম
- ৯। ডাঃ তাহমিনা দেওয়ান অভি (১২৭০৫৪), সহকারী সার্জন, কধুরখালী ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, বোয়ালখালী, চট্টগ্রাম


(এম. কে. হাসান মোর্শেদ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৯.২০১৩- ৩২৭

তারিখঃ ২৫.০৫.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ আহম্মদ হোসেন (১১৪৪৫৪), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট সার্জারী পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমলগঞ্জ, মৌলভীবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ২৮.১১.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৯.২০১৩-৯৯৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষেণে, যেহেতু, ডাঃ আহম্মদ হোসেন (১১৪৪৫৪), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট সার্জারী পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমলগঞ্জ, মৌলভীবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে ঐক্যে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব


উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৯.২০১৩- ৩২৭ / ১(২০)

তারিখঃ ২৫.০৫.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিভিল সার্জন, মৌলভীবাজার
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার
- ১০। ডাঃ আহম্মদ হোসেন (১১৪৪৫৪), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালটেন্ট সার্জারী পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমলগঞ্জ, মৌলভীবাজার


(এম. কে. হাসান মোর্শেদ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd